গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস (উন্নয়ন শাখা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬(অংশ-০৩)- ৪১৫

তারিখ: ১২ ফাল্গুন, ১৪২৫ব. / ২৪ ফেব্রুয়ারি, ২০১৯খ্রি.

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ফেব্রুয়ারি, ২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	১০-০২-২০১৯ খ্রি.
সময়	:	সকাল ১১:০০ টা
স্থান	:	সম্মেলন কক্ষ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
সভাপতি	:	ড. কৃষ্ণা গায়েন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে পরিসংখ্যান কর্মকর্তা জনাব মো: আজগর আলী বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন আপত্তি না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসুচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ	বিগতসভার কার্যবিবরণীর বিষয়ে কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণের জন্য সভায় প্রস্তাব পেশ করা হয়।	বিগতসভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	-
(০২)	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	বিষয়টি সেন্সাস উইংয়ের কর্মচারী মৃত দবির উদ্দিন, ডিই/সিও, সেন্সাস উইংয়ের "পেনশন বিষয়ক"। জনাব দবিরের ১ম স্ত্রীর ১ ছেলে ও ১ মেয়ে পেনশন প্রাপ্তির জন্য দবিরের ২য় স্ত্রীর বিরুদ্ধে দেওয়ানী মোকদ্দমা নং ২১১/১৫ দায়ের করেন। অত:পর বিবিএস অফিস কর্তৃপক্ষ দবিরের ২য় স্ত্রী ফারহানা আক্তারের পক্ষে মামলার জবাব দেন। বিজ্ঞ আদালত দবিরের ২য় স্ত্রীর পক্ষে রায় দেন। অত:পর দবিরের ১ম স্ত্রীর ১ ছেলে ও ১ম মেয়ে রায়ের বিরুদ্ধে মোকদ্দমা নং ১৩৬/১৬ দায়ের করেন এবং দায়েরকৃত মামলায় জনাব দবিরের ২য় স্ত্রী স্বাক্ষর করে দেন। নোটিশ প্রাপ্তির পর দবিরের ২য় স্ত্রী মামলায় স্বাক্ষর করেন নাই বলে জনাব দবিরের ১ম স্ত্রীর ছেলের বিরুদ্ধে আদালতে অভিযোগ করেন। আদালত জাল স্বাক্ষরের জন্য মামলাটি খারিজ করেন। বর্ণিতাবস্থায় জনাব দবিরের ২য় স্ত্রী খারিজ মামলার সার্টিফাইড কপি উত্তোলন করত: সম্পূর্ণ পেনশন দাবী করেন। তবে খারিজকৃত উঠানো মামলার সার্টিফাইড কপিতে মামলার তফসীল উল্লেখ না থাকায় পেনশন দেওয়ার বিষয়টি বিতর্কিত হওয়ায় আইন মন্ত্রণালয়ের মতামতের জন্য পত্র দেওয়া হয়। আইন মন্ত্রণালয়ে বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে বোর্ড মিটিং হয় এবং মিটিং এ সিদ্ধান্ত হয় যে, কোর্ট সাকসেশন কপি ব্যতীত দবির উদ্দীনের পরবর্তী ওয়ারিশনদের দাবীর পক্ষে পেনশন দেওয়া যাবে না। উইং দবির উদ্দীনের ওয়ারিশনদের তা জানিয়ে দিয়েছে এবং দবির উদ্দীনের পেনশন বর্তমানে স্থগিত রয়েছে।	সাকসেশন সার্টিফিকেট প্রাপ্তি সাপেক্ষে পেনশন দেওয়া যেতে পারে। রাষ্ট্রীয় আইন কাঠামোতে ব্যক্তি বিশেষে তথা প্রাপ্যতা নিরীখে পেনশন পরিশোধ করতে হবে।	পরিচালক, সেন্সাস উইং
(০৩)	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	মোট৩৮টি অডিট আপত্তির মধ্যে ২টি আপত্তির কাজ নিষ্পত্তি হয়েছে। প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের অফিসের গাড়ি ব্যবহারজনিত কারণে সরকারের ১৮১২৫৯২/৮৫ টাকা আর্থিক ক্ষতি সংক্রান্ত অডিট আপত্তিটি নিষ্পত্তি হয়েছে। এছাড়া আরও দইটি অডিট আপত্তি	অবশিষ্ট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস

ক্র: নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		নিষ্পত্তির জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে।		
(০৪)	কোর্টে চলমান মামলা সম্পর্কিত বিষয়	উপমহাপরিচালক সভায় জানান, বর্তমানে ৩১(একত্রিশ)টি মামলা চলমান আছে। মামলা নং ৩৩১/২০১৮ এর জবাব ১২/০২/১৯খ্রি: তারিখে কোর্টে দাখিল করা হবে এবং মামলা নং ০১/২০১৯,২৮/০২/১৯ খ্রি: তারিখে শুনানীর জন্য ধার্য আছে। রিট পিটিশন নং ১৩৯২৬/২০১৮ এর জবাব প্রস্তুত করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপানা বিভাগে পাঠানো হয়েছে। নিয়োগ সংক্রান্ত রিট ১৪৮৫৭/২০১৭ রায়ের আদেশ পাওয়ার অপেক্ষায় আছে।	বিদ্যমান মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস
(০৫)	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্বখাতে স্থানান্তর প্রসংগে	এনাম কমিটি কর্তৃক সুপারিশকৃত অর্গানোগ্রাম অনুযায়ী ৩৬ টি গাড়ির খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। এছাড়া পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, মাননীয় পরিকল্পনামন্ত্রীর দপ্তর ও বিভিন্ন প্রকল্পে নিয়োজিত অন্যান্য গাড়িসমূহের পৃথক পৃথক খসড়া তালিকা প্রস্তুত করা হয়েছে। নিলামে বিক্রির জন্য গাড়িসমূহের খসড়া তালিকা প্রস্তুতসহ background তালিকাবদ্ধ করা হয়েছে। গাড়ির কাগজপত্র হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থানের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরিত পত্রের প্রেক্ষিতে চাহিত আরো অন্যান্য তথ্যসম্বলিত পত্র প্রেরণ করা হয়েছে।	সবগুলো গাড়ির তালিকা সঠিক ভাবে সম্পন্ন করতে হবে। অকেজো গাড়িগুলো মেরামতের উপযোগী কিনা তা যাচাই করতে হবে। গাড়ীর কাগজপত্র হালনাগাদ করার জন্য আগামী বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে।	পরিচালক (প্রশাসন/অর্থ), এফএ অ্যান্ড এমআইএস
(০৬)	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত	অর্গানোগ্রাম সংশ্লিষ্ট কাগজপত্রাদি চেকলিস্ট অনুযায়ী পুনরায় সংযোজন করে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে পরবর্তী কার্যক্রমের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস
(০৭)	বিবিএস এর জনবল নিয়োগ	উপমহাপরিচালক সভায় জানান, জনবল নিয়োগ সম্পর্কিত মামলাগুলো withdraw করা যাবে না। মামলার রায়ের আদেশ/কাগজপত্র পাওয়া গেলে আপীল করা হবে।	দ্রুত আপীলের ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন); এফএ অ্যান্ড এমআইএস
(০৮)	বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপন	বিভাগ ও জেলা পর্যায়ে বিবিএস এর নিজস্ব ভবন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ ও ক্রয় বিষয়ে ২০ (বিশ)টি জেলার জেলা প্রশাসকের নিকট বিবিএস এর মহাপরিচালকের একটি অনুরোধ পত্র প্রেরণ এবং ভবন নির্মাণের স্থাপত্য নকশা ও রেট শিডিউলের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের মাধ্যমে সচিব, গণপূর্ত ও গৃহায়ন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট নথি পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং এ প্রেরণ করা হয়েছে।	বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপনের জন্য জমি অধিগ্রহণ ও ক্রয় বিষয়ে Rate & Schedule এর জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করতে হবে।	যুগ্মপরিচালক, সেন্সাস উইং
(০৯)	ক) শুদ্ধাচার সংক্রান্ত প্রতিবেদন খ)উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য	(ক) পরিচালক এসএসটিআই জানান বিবিএস এর ৩০ জন কর্মকর্তার অংশগ্রহণে ০২-০৩ জানুয়ারি/২০১৯ "তথ্য অধিকার,নৈতিকতা ও শুদ্ধাচার এবং এপিএ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই শুদ্ধাচার বিষয়ক আরেকটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। (খ) সভায় বিবিএস এর উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য Innovation টিম পুনর্গঠনের বিষয়ে আলোচনা হয়।	(ক) দ্রুত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। (খ) অতিসত্বর Innovation টিম পুনর্গঠনের আদেশ জারি করতে হবে।	পরিচালক (এস এস টি আই) ও ইনোভেশন টীম প্রধান, বিবিএস
(১০)	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	সভায় আলোচনা হয় যে, ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত যে সমস্যা তৈরি হয়েছে তা নিরসনে বুয়েট অথবা অন্য কোন প্রতিষ্ঠানকে দিয়ে assessment করার দরকার নেই। বিষয়টির feasibility ভালোভাবে পরীক্ষা করা দরকার।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস এবং পরিচালক কম্পিউটার উইং আলোচনার মাধ্যমে এ বিষয়টি সমাধান করবেন।	পরিচালক, কম্পিউটার উইং

ক্র: নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১১)	উপজেলা পরিসংখ্যান অফিসসমূহে ফিক্সড্ টেলিফোন সংযোগ স্থাপন	উপমহাপরিচালক সভায় জানান, এ ব্যাপারে official order দেয়া হয়েছে। অগ্রগতি এখনও জানা যায়নি। কয়টি উপজেলায় টেলিফোন সংযোগ নিয়েছে তা খতিয়ে দেখা হবে। বিল বকেয়া থাকলে পরিশোধের জন্য ব্যবস্থা নেওয়া হবে।	১০/০২/১৯ খ্রি: তারিখ হতে ৫ কর্মদিবসের মধ্যে বকেয়া টেলিফোন বিল সংক্রান্ত কাগজ পত্র জমা দিতে হবে।	পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস
(১২)	ইন্টারনেট ব্যবস্থা, জিও কোড, ওয়েব পোর্টাল সংক্রান্ত	কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি ২০১৮ এর উপ প্রকল্প পরিচালক সভায় জানান যে, জিও কোডের উপর নির্ভর করে জোনসমূহ সনাক্তকরণ করা হয়। ২য় জোনাল অপারেশন সফলভাবে সম্পাদনের জন্য কম্পিউটার উইং থেকে তিন সেট জিও কোড মুদ্রণ করে সরবরাহ করা হয়েছে।	জোনসমূহে জিও কোড ঘাটতি জনিত কারণে যেন জোনাল অপারেশন কার্যক্রম ব্যাহত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।	পরিচালক, কম্পিউটার উইং ও প্রকল্প পরিচালক
(১৩)	মন্ত্রিপরিষদ বিভাগ চাহিত মাসিক কর্মকান্ডের প্রতিবেদন	সভায় আলোচনা হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক কর্মকান্ডের প্রতিবেদন একটি চলমান প্রক্রিয়া বিধায় তা প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল উইং হতে ডেভেলপমেন্ট শাখায় পাঠানো উচিত।	উইং/প্রকল্পসমূহ হতে প্রতি মাসের ২৮ তারিখের মধ্যে প্রতিবেদন পাঠাতে হবে।	পরিচালক (সকল)
(১৪)	মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের আবাসন ব্যবস্থা	বিভিন্ন প্রশিক্ষণ ও দাপ্তরিক কাজে ঢাকায় আগত মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের আবাসন সংকট দীর্ঘ দিন ধরে চলে আসছে। পরিসংখ্যান ভবনের আশেপাশে কোন ভালো বাড়ি পাওয়া যাচ্ছে না। কিছু নতুন ভবন ভাড়া পাওয়া গেলেও তাতে প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নেই। সভাপতি বাড়ির মালিক কর্তৃক ভাড়া সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসা থাকলে প্রয়োজনে উপমহাপরিচালক এর সহযোগিতা নেয়ার পরার্মশ দেন।	অতি দ্রুত সময়ের মধ্যে সরকারি রেটে বাড়ি ভাড়া নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।	পরিচালক (প্রশাসন), এফএ অ্যান্ডএমআইএস
(১৫)	বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়	যুগ্মপরিচালক, রংপুর বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় বলেন, দিনাজপুর জেলা পরিসংখ্যান কার্যালয় হতে কুড়িগ্রামের ফুলবাড়ি উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে একজন জেএসএকে পদায়ন করা হয়েছে। যুগ্মপরিচালক (অ:দা:), বরিশাল বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় সভায় জানান, মেহেন্দীগঞ্জ উপজেলায় কোন এসআই ও জেএসএ নেই। কেবল সেখানে একজন চেইনম্যান আছে। বাবুগঞ্জ উপজেলা থেকে একজনকে আনতে হবে। যুগ্মপরিচালক, রাজশাহী বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় সভায় জানান, নওঁগা জেলা পরিসংখ্যান কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত ভারপ্রাপ্ত উপপরিচালক মাতৃত্বকালীন ছুটিতে যাবেন। সেখানে একজন উপপরিচালক পদায়ন করা আবশ্যক। যুগ্মপরিচালক, ময়মনসিংহ বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় সভায় জানান, ময়মনসিংহ জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক পদটি পদোন্নতিজনিত কারণে খালি আছে। সেখানে একজন উপপরিচালক পদায়ন করা আবশ্যক। ময়মনসিংহ জেলার ১২টি উপজেলার মধ্যে কেবল ৪টি উপজেলায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা রয়েছে। তাদেরকে অপর ৮টি উপজেলায় অতিরিক্ত দায়িত্ব দেয়া যেতে পারে। এজন্য এফএ এন্ড এসআইএস থেকে	প্রয়োজন অনুযায়ী বিদ্যমান জনবল reshuffled করে কাজ চালাতে হবে। নিজেদের মতো করে জনবল পুনর্বিন্যাস করতে হবে। পাশের কোন উপজেলায় কর্মরত পরিসংখ্যান কর্মকর্তাদের মধ্য থেকে কোন একজনকে অতিরিক্ত দায়িত্ব দিতে হবে। যে ৪টি উপজেলায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা রয়েছে তাদের মধ্য থেকে পুনর্বন্টন করতে হবে। মোটর সাইকেলগুলোর Token Fitness সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন/অর্থ), এফএ অ্যান্ড এমআইএস ও বিভাগীয় যুগ্মপরিচালকগণ

ক্র: নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		অনুমোদন দরকার। ২০০৮ সালের কৃষি শুমারি ও ২০১১ সালের আদমশুমারি হতে যে মোটর সাইকেল দেয়া হয়েছিল সেগুলোর কাগজপত্র হালনাগাদ না থাকার কারণে চালাতে অসুবিধা হচ্ছে এবং অনেকগুলো নষ্ট হয়ে গেছে। তাছাড়া বাজেটে জ্বালানির খরচ পর্যাপ্ত নেই বিধায় মোটর সাইকেলগুলো ব্যবহারের অনুপযোগী হয়ে যাচ্ছে। তিনি সভায় আরও জানান, মাঠ পর্যায়ে APA প্রশিক্ষণ সম্পাদনের জন্য কোন বাজেট নেই।	অকেজো এবং চলমান মোটর সাইকেলগুলোর তালিকা তৈরি করে এফএ এন্ড এসআইএস এ পাঠাতে হবে। মোটর সাইকেলের জ্বালানির জন্য বাজেট রাখতে হবে। APA প্রশিক্ষণ সম্পাদনের বাজেটের জন্য এফএ এন্ড এসআইএসকে অবহিত করতে হবে।	
		যুগ্মপরিচালক, ঢাকা বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় বলেন আউটসোর্সিং এর মাধ্যমে যাদের নিয়োগ দেয়া হয়েছে তাদেরকে প্রয়োজন অনুযায়ী বদলী করা হলে কাজের মান ভালো হবে। আউটসোর্সিং এ নিয়োগপ্রাপ্তদের বেতনপ্রাপ্তির সমস্যা নিয়ে সভায় আলোচনা হয়। উপমহাপরিচালক বলেন, আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী আউটসোর্সিং এ নিয়োগপ্রাপ্তদের বেতন তাদের ব্যক্তিগত একাউন্টে প্রদান করা যেতে পারে।	আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী বদলী করা যাবে। এছাড়া আউটসোর্সিং-এ নিয়োগপ্রাপ্তদের বেতন তাঁদের ব্যক্তিগত একাউন্টে প্রদানের ব্যবস্থা নেয়া যেতে পারে।	পরিচালক (প্রশাসন/অর্থ), এফএ অ্যান্ড এমআইএস
(১৬)	বিবিধ	২০১৯ সালের মে মাসে অনুষ্ঠিতব্য কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি এর চূড়ান্ত অপারেশন সফলভাবে সম্পাদনের লক্ষ্যে বর্তমানে সমগ্র দেশে মাঠ পর্যায়ে ২য় জোনাল অপারেশন চলমান রয়েছে। মূলত: ২য় জোনাল অপারেশন এর কার্যক্রমের উপর চূড়ান্ত শুমারির সফলতা অনেকাংশে নির্ভরশীল। সে লক্ষ্যে মাঠ পর্যায়ের কাজগুলো সুচারুভাবে সম্পাদন করা দরকার। তাছাড়া স্বতন্ত্র বৈশিষ্ট্যে প্রথমবারের মতো কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি অনুষ্ঠিত হতে যাচ্ছে।	চলমান কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারির ২য় জোনাল অপারেশন কার্যক্রমে দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। জেলা এবং উপজেলা পর্যায়ে জোনাল অপারেশন কাজ কিভাবে হচ্ছে বিভাগীয় যুগ্মপরিচালকগণ তা কর্তৃপক্ষকে অবহিত করবেন।	বিভাগীয় যুগ্মপরিচালক (সকল)
		সভায় আলোচনা হয় যে, কম্পিউটার উইং হতে সরবরাহকৃত আইডি কার্ডের নম্বরের সাথে PDS প্রদত্ত নম্বরের কোন মিল নেই। উপমহাপরিচালক বলেন, প্রত্যেকে যেন নতুন আইডি কার্ড পেতে পারে তার Need assessment দরকার।	নতুন আইডি কার্ড সরবরাহ করতে হবে। প্রত্যেকের আইডি কার্ড ও PDS এক আছে কিনা তা immediately জানাতে হবে।	পরিচালক, কম্পিউটার উইং

০৪। সভায় আর কোন আলোচনানা থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. কৃষ্ণা গায়েন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০০৭০৫৬
email: dg@bbs.gov.bd